

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ৯ সেপ্টেম্বর, ২০২১ ইংরেজি।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে ইউরক, উখিয়া অফিসের সকল কর্মী

হতে : উপ-নির্বাহী পরিচালক

বিষয়: : যে কোন সময়, যেকোন পর্যায়ে বেতন ও অন্যান্য সুযোগসুবিধা বিষয়ক আলোচনা না করা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

বেতন ও অন্যান্য সুযোগসুবিধা বৃদ্ধির জন্য যে কোন পর্যায়ে আলোচনার ক্ষেত্রে আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো যা অবশ্যই পালনীয় হিসেবে গণ্য করতে হবে:-

১. সংস্থায় একটি নিয়ম প্রচলিত আছে যে বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধির ক্ষেত্রে যে কোন পর্যায়ে একমাত্র আলোচনা করা যাবে, নিয়োগের সময়, কর্মী মূল্যায়নের সময়, পদোন্নতির সময় এবং বছর শেষে।
২. কিন্তু আমরা লক্ষ্য করছি যে, ইউরক অফিসের কোন কোন কর্মী সুযোগ পেলেই উর্ধ্বতনদের সাথে তার নিজের বেতন ও অন্যান্য সুযোগসুবিধা নিয়ে আলোচনা করে উর্ধ্বতনদেরকে বিরতকর অবস্থায় ফেলেন। এতে করে নিজে শুধু যে বেতনের জন্য কাজ করেন তা প্রমাণ করেন এবং পাশাপাশি তিনি অন্যদেরকেও প্রভাবিত করেন। এতে করে অফিসের কর্ম পরিবেশ দারুণভাবে ব্যাহত হয়।
৩. তাই অত্র সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে বলা হচ্ছে যেকোন সময় যেকোন পর্যায়ে বেতন এবং অন্যান্য সুযোগ-সুবিধা বিষয়ক আলোচনা থেকে বিরত থাকতে।
৪. এ সার্কুলার অমান্যকারী কর্মী **Mis-Conduct** এর আওতায় পরবেন এবং তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. এ সার্কুলারটি ইউরক অফিসে আগামী দুটি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি ইউরকের সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নিন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে আগামি ২৫ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ঝুলিয়ে রাখুন।
৬. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এর সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২১ এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে যে কোন মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

09 SEP 2021

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি